

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৪৭৯

তারিখ: ১১ নভেম্বর ২০১৮খ্রি:

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ (রিট পিটিশন নং-১০১২১/২০১৫ হতে উদ্ধৃত) এর আদেশ বাস্তবায়নের তথ্যাদি বিজ্ঞ আদালতকে অবহিত করণ সংক্রান্ত।

সূত্র: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মা: নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.৫৭১.২০১৬-১১০৪/৩,
তারিখ: ০২.১০.২০১৮খ্রি:।


২. স্মা: নং: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৪৭৮, তারিখ: ০৮ নভেম্বর ২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ফতোয়াবাদ গাউছিয়া তৈয়বিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: রফিকুল ইসলাম তার প্রতিষ্ঠানকে এম.পি.ও ডুজ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০১২১/২০১৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে পিটিশনার মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ দায়ের করেন। কনটেম্পট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে বিবাদী করে রুল জারী করে।

২.০ উল্লেখ্য, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ফতোয়াবাদ গাউছিয়া তৈয়বিয়া দাখিল মাদ্রাসা প্রতিষ্ঠানটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন হওয়ায় কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ এর রুলের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১০১২১/২০১৫ এর আদেশ দ্রুত বাস্তবায়নের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-কে পত্র দেয়া হয়েছে।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত গৃহীত ব্যবস্থা বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মোঃ কামরুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৪) সুপার, ফতোয়াবাদ গাউছিয়া তৈয়বিয়া দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।